# আপনার শিক্ষার্থীর *i-Ready* ডায়াগনস্টিক-এর ফলাফল অনুধাবন করা

## *i-Ready* ডায়াগনস্টিক কী?

*i-Ready* ডায়াগনস্টিক হল এমন একটি মূল্যায়ন পদ্ধতি যেটি প্রত্যেকটি শিক্ষার্থীর চাহিদা অনুসারে এর প্রশ্নগুলো সঙ্গতিপূর্ণভাবে প্রদর্শন করে। একজন শিক্ষার্থী সঠিকভাবে প্রশ্নের উত্তর দিতে পারলে, ধীরে ধীরে মূল্যায়নের প্রশ্নগুলো কঠিন হয়। আর যদি সে সঠিকভাবে প্রশ্নের উত্তর দিতে না পারে, তাহলে পরবর্তী প্রশ্নগুলো সহজ হয়। শিক্ষার্থীর জানার মাত্রা অনুসারে পরিকল্পিত *i-Ready* ডায়াগনস্টিকের এই পদ্ধতিটি প্রত্যেকটি শিক্ষার্থীর পারদর্শিতা নির্ধারণ করতে সহায়তা করে, পাশাপাশি তার বুদ্ধি বিকাশেরও সুযোগ দেয়।

## কেন আমার সন্তান এটি ব্যবহার করবে?


*i-Ready* ডায়াগনস্টিকের উদ্দেশ্য আপনার শিক্ষার্থীকে কোন গ্রেড দেওয়া নয়, বরঞ্চ এটি নির্ধারণ করা যে কোন কার্যকরী উপায়ে তাদের শেখার পদ্ধতি আরও উপযোগী করে তোলা যায়। এর মাধ্যমে আপনার শিক্ষার্থীর শিক্ষকরা শিক্ষার্থীর চাহিদা কী কী তা নির্ধারণ করতে পারবেন, তাদের শেখার পদ্ধতি পার্সোনালাইজ করতে পারবেন এবং বর্ষব্যাপী তাদের শেখার অগ্রগতি পর্যবেক্ষণ করতে পারবেন।

## আমি আমার ছাত্রের সার্বিক ফলাফল কিভাবে বুঝতে পারব?

### আমার শিক্ষার্থী সার্বিকভাবে কেমন করছে?

আপনার শিক্ষার্থীর জন্য মূল লক্ষ্য হল গ্রেড লেভেল বা তার উপরে যেন সে পারদর্শিতা দেখাতে পারে। এর অর্থ হল, ঐ গ্রেড লেভেলে যেই দক্ষতা তার অর্জন করার দরকার ছিল তা সে অর্জন করেছে এবং আরও উচ্চ মাত্রার দক্ষতা সে অর্জন করতে প্রস্তুত।

*i-Ready*-তে পরিবারের রিপোর্টে, লেখচিত্রের ⓐ **নীল বারগুলো** এবং আনুষাঙ্গিক ⓑ **প্লেসমেন্ট লেভেলগুলো** নির্দেশ করে যে আপনার শিক্ষার্থী তার গ্রেড লেভেল অনুসারে প্রতিটি পরীক্ষায় কিরকম ফল করেছে, যা ⓒ **সবুজ শেডিং** দিয়ে নির্দেশ করা আছে। লেখচিত্রের নিচে ⓓ **ন্যাশনাল নর্ম পার্সেন্টাইল** নির্দেশ করে সারা দেশজুড়ে একই গ্রেড লেভেলে শিক্ষারত শিক্ষার্থীদের তুলনায় আপনার শিক্ষার্থী কিরকম ফল করেছে।



**For Families** i-Ready

| | |
|---|---|
| **School** | Cyprus Elementary |
| **Subject** | Math |
| **Student** | Elijah Powell |
| **Student ID** | ElPowell4896 |
| **Student Grade** | 5 |

**What is i-Ready?** i-Ready is an online learning program focused on reading and math. Elijah has recently taken an i-Ready assessment at school. This report gives you a snapshot of your child's performance. For more information about i-Ready, visit www.i-Ready.com/FamilyCenter.

**Elijah's Overall Math Performance**



| | Test (09/14/20) | Test (12/14/20) |
|---|---|---|
| Placement (b) | Approaching Grade 5 | At Grade 5 |
| Scale Score | 470 | 487 |
| National Norm (d) | 51st Percentile | 76th Percentile |

| Domain (e) | Test (09/14/20) | Test (12/14/20) |
|---|---|---|
| **Overall** | **Approaching Grade 5** | **At Grade 5** |
| Number and Operations | Approaching Grade 5 | At Grade 5 |
| Algebra and Algebraic Thinking | Approaching Grade 5 | At Grade 5 |
| Measurement and Data | Approaching Grade 5 | At Grade 5 |
| Geometry | Needs Improvement | Approaching Grade 5 |

**Additional Suggestions**

✓ Discuss these results with your child

✓ Reach out to the teacher

### আমার শিক্ষার্থী শিক্ষার সুনির্দিষ্ট ক্ষেত্রগুলোতে কেমন আগ্রগতি করছে?

শিক্ষার্থীদের জ্ঞানের বিকাশের জন্য পারদর্শিতার নানান ক্ষেত্র এবং সুযোগ রয়েছে। এটি অনুধাবন করা গুরুত্বপূর্ণ যে আপনার শিক্ষার্থী শিক্ষার সুনির্দিষ্ট ক্ষেত্রগুলোতে কেমণ অগ্রগতি করছে, যেগুলোকে বলা হয় ডোমেইন। ⓔ **ডোমেইন টেবিল** প্রদর্শন করে সুনির্দিষ্ট ডোমেইনগুলোতে আপনার শিক্ষার্থী কেমন করেছে এবং শিক্ষকরা জানতে পারেন যে তাদের পারদর্শিতা কিভাবে উন্নত করা যায় এবং তাদের সহায়তা দিতে পারেন।

### সময়ের সাথে সাথে আমার শিক্ষার্থী কেমন অগ্রগতি করছে?

আপনার শিক্ষার্থীর জন্য আরেকটি লক্ষ্য হল তাদের শেখায় অগ্রগতি অর্জন করা। স্কুলের শিক্ষাবর্ষে আপনার শিক্ষার্থী একের অধিক ডায়াগনস্টিক নেওয়ার পর, প্রতিটি ডায়াগনস্টিকের জন্য আপনি ফলাফল দেখতে পারবেন, এর ফলে আপনি দেখতে পারবেন আপনার শিক্ষার্থী প্রতি ডোমেইন অনুসারে এবং সার্বিক উভয়ভাবেই কতটা অগ্রগতি করছে।

## আমার শিক্ষার্থীকে সহায়তা করার জন্য আমি কী করতে পারি?

- **এই ফলাফলগুলো আপনার শিক্ষার্থীর সাথে আলোচনা করুন।** তাদের পারদর্শিতা ও অগ্রগতিকে অভিনন্দন জানান, এবং তারা কিভাবে তাদের লক্ষ্য অর্জন করবে সেটার পরিকল্পনায় তাদের সাথে যোগ দিন।
- সুনির্দিষ্ট ডোমেইন এবং/অথবা দক্ষতা অর্জনে আপনার শিক্ষার্থীকে সহায়তা করার জন্য **আপনার শিক্ষার্থীর শিক্ষকের সাথে যোগাযোগ করুন** আরও তথ্য ও ধারণা পাওয়ার জন্য।
- যদি আপনার শিক্ষার্থী *i-Ready* পার্সোনালাইজড নিয়মবিধি অনুসরণ করে, তাহলে শিক্ষার্থীর ড্যাশবোর্ডে তাদের অগ্রগতি পর্যালোচনা করুন এবং এইসকল পরামর্শ অনুসরণ করে তাদের শিক্ষা পদ্ধতিতে সহায়তা করুন।

## আমি আরও তথ্য কোথায় পাব?

আরও আনুষাঙ্গিক তথ্য, সরঞ্জাম এবং সহায়তামূলক নির্দেশনার জন্য পরিবার কেন্দ্র পরিদর্শন করুন এবং বাড়িতেই আপনার শিক্ষার্থীকে সহায়তা দিন।

© 2020 Curriculum Associates, LLC. All rights reserved. | 12/20 0K

i-Ready